

দ্বিতীয়বারের মতো 'ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস গ্লোবাল অ্যাওয়ার্ড' গ্রহণ করলেন শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

দ্বিতীয়বারের মতো 'ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস গ্লোবাল অ্যাওয়ার্ড' পুরস্কার গ্রহণ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল ভারতের মুম্বাইয়ের তাজ হোটেলে দু'দিনব্যাপী ৬ষ্ঠ ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস চলাকালে তাকে এ পুরস্কার প্রদান করা হয়।

গত মে মাসে বাংলাদেশের শিক্ষামন্ত্রীকে এবারের পুরস্কারের জন্য মনোনীত করে 'ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস'। এর আগে ২০১২ সালেও তাকে একই হোটেলে এই পুরস্কার প্রদান করা হয়।

ওই বছর শিক্ষামন্ত্রীর পাশাপাশি একই পুরস্কার পেয়েছিলেন 'ক্যামব্রিয়ান কলেজ' ও 'বিএসবি গ্লোবাল নেটওয়ার্ক'র চেয়ারম্যান এমকে বাশার এবং বিদেশে শিক্ষার্থী পাঠানোর প্রতিষ্ঠান 'এসএসবিসিএল'র মালিক সুমন তালুকদার।